



## চ্যাম্পিয়ন্স লিগে চার গোলের দাপুটে জয় বার্সেলোনার



সংগৃহীত ছবি

লা লিগায় হারের হতাশা কাটিয়ে উয়েফা চ্যাম্পিয়ন্স লিগে শক্ত বার্তা দিল বার্সেলোনা। ম্যাচের শুরুতেই পিছিয়ে পড়েও স্লাভিয়া প্রাগকে ৪-২ গোলে হারিয়েছে হ্যাম্পি ফ্লিকের দল।

বুধবার দিবাগত রাতে প্রাগের ফরচুনা অ্যারেনায় খেলতে নামে বার্সা। দশম মিনিটে প্রথম গোল হজম করলেও দ্রুত ম্যাচে ফিরে আসে তারা। ফারমিন লোপেজের জোড়া গোলে এগিয়ে যায় কাতালানরা। এরপর একটি আত্মঘাতী গোলে প্রাগ সমতায় ফিরলেও বিরতির পর নিয়ন্ত্রণ নেয় সফরকারীরা।

দ্বিতীয়ার্ধে বদলি নামার পরপরই দানি ওলমো দূরপাল্লার শটে লিড এনে দেন। পরে লেভান্ডফস্কি গোল করে ব্যবধান বাড়ান। ম্যাচজুড়ে বল দখল ও আক্রমণে স্পষ্ট আধিপত্য ছিল বার্সার। ৫৯ শতাংশ পজেশন নিয়ে তারা ১৭টি শট নেয়, যার ১২টিই লক্ষ্যে ছিল।

এই জয়ে সাত ম্যাচে ১৩ পয়েন্ট নিয়ে পয়েন্ট টেবিলের নবম স্থানে উঠেছে বার্সেলোনা। শেষ রাউন্ড বাকি থাকায় সরাসরি শেষ ষোলো কিংবা প্লে-অফের সম্ভাবনা দুটিই জিইয়ে রাখল স্প্যানিশ জায়ান্টরা।